

২০১৪

বাংলা

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

৬নং প্রশ্ন সহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। ইন্দো-ইউরোপীয় ভাষাভাষীদের আদি বাসস্থান সম্পর্কে গবেষকদের অভিমতগুলি বলো। এই ভাষাবংশের পরিবারগুলির কোনটি কোন মহাদেশে প্রচলিত ? দুটি লুপ্ত ভাষা-পরিবারের পরিচয় দাও।

৪+২+১০

২। ধ্রুপদী সংস্কৃতের কাল ও কয়েকটি কালজয়ী সাহিত্য সৃষ্টি সম্পর্কে সংক্ষেপে বলো। এই ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৪+১২

(Turn Over)

৩। প্রাকৃত ভাষা কী ? আদি-প্রাকৃত ও সাহিত্যিক প্রাকৃতের অন্তর্গত ভাষাগুলির প্রচলন ক্ষেত্রেগুলি নির্দেশ করো। যে কোনো একটি প্রাকৃতের বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৪+১০

৪। প্রাচীন বাংলা ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি যথাসম্ভব উদাহরণসহ লেখো। ১৬

৫। টীকা লেখো (যে কোনো দুটি) : ৮×২

- (ক) ইন্দো-ইউরোপীয় ভাষা বংশ ও কেন্দ্রম-সতম শাখার নামকরণ।;
 (খ) বৈদিক ভাষার ধ্বনিমূলক বৈশিষ্ট্য;
 (গ) পালি ভাষা;
 (ঘ) মধ্যভারতীয় আৰ্যভাষার প্রথম ও দ্বিতীয় স্তরের সন্ধিপর্ব ও নিয়াপ্রাকৃত;
 (ঙ) আধুনিক বাংলা ভাষার ব্যাকরণগত বৈশিষ্ট্য।

৬। নিম্নলিখিত যে কোনো দুটি অংশের বঙ্গানুবাদ করো এবং রেখাঙ্কিত পদগুলির ব্যাকরণগত টীকা লেখো : ৯+৯

- (ক) তুজ্বা ন আণে হিঅঅং, মম উণ ম অণো দিবা অ রত্তিৎচ
 নিঙ্কিব দাবই বলি অং তুহ হওমনোরহাই অঙ্গাইং।
 (খ) উল্ললই দব্ভকবলং মঈ-পরিচ্চওগাচ্চণা মোরী
ওসারিঅ পদ্মবত্তা মুঅস্তি অংসুইংবল আও।
 (গ) মুক্ষেধ রে মুক্ষেধ জালোবজীবিণং।
উববল্লো সে কিল অঙ্গুলীঅসসো আগমো।
অমহ-সামিণ্ণ জেব মে কথিদং।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

১২নং প্রশ্ন এবং আরও যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৭। মূলধ্বনি (Phoneme) কাকে বলে ? সহধ্বনি (Allophone) কী ? বৈপরীত্যমূলক অবস্থান, পরিপূরক অবস্থান ও মুক্তবৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ২+২+১২

৮। বাংলা ভাষায় ক্রিয়ারূপের বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ১৬

৯। তুলনামূলক ভাষাচর্চার উদ্ভব ও বিকাশের ইতিবৃত্ত লেখো। ১৬

১০। বাংলা ভাষার যে কোনো দুটি পর্বের পদবিধি সম্পর্কে লেখো। ১৬

১১। টীকা লেখো (যে কোনো চারটি) : ৪×৪

- (ক) মূলরূপ (Morpheme);
 (খ) রাঢ়ী উপভাষা;
 (গ) সমীভবন;
 (ঘ) ভাষাপরিকল্পনার স্তরসমূহ;
 (ঙ) অধোগঠন (Deep Structure) ও অধিগঠন (Surface Structure);
 (চ) পিজিন ভাষা।

১২। (i) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা সৃষ্টিতে কোন্ নীতি অবলম্বন করা হয়েছে ? এই বর্ণমালার প্রয়োজনীয়তা কোথায় ?

২+২

(ii) নিম্নলিখিত পাঠের আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :
অক্ষর-পরিবৃষ্টি, অর্থাৎ স্বরধ্বনির উচ্চারণে প্রবলতা, দুই বিভিন্ন রকমের
হইতে পারে স্বর অর্থাৎ কণ্ঠতন্ত্রী তীব্রতর অথবা মন্দতর অনুরণন ও
বল অর্থাৎ শ্বাসাঘাত বা শ্বাসত্যাগে প্রবলতা বা বৌক।

১৪